

আনন্দ ও উল্লাসের মধ্য দিয়ে হান্টার ভ্যালিতে ক্যাম্পেলটাউন বাংলা স্কুলের বাংসরিক পিকনিক

গত ২৬শে এপ্রিল শনিবার ক্যাম্পেলটাউন বাংলা স্কুলের বাংসরিক পিকনিক সিডনীর আঙ্গুর বাগানের জন্য খ্যাত অঞ্চল হান্টার ভ্যালিতে সম্পন্ন হয়েছে। প্রতিবারের মত এবারও স্কুলের ছাত্র-ছাত্রীদের আনন্দ ও বিনোদনের জন্য এ আয়োজন করা হয়েছিল।

সকাল ৭টা স্কুল প্রাঙ্গন থেকে স্কুলের ছাত্র-ছাত্রী এবং অভিভাবক সহ সর্বমোট ১২০ জন মানুষ নিয়ে দুটি কোচ হান্টার ভ্যালির উদ্দেশ্যে রওনা হয়। কোচ দুটি সকাল ১১ টার দিকে হ্যান্টার ভ্যালি গার্ডেনে পৌঁছায়। দুপুরের খাবারের আগ পর্যন্ত স্কুলের ছাত্র-ছাত্রীরা খেলাধুলা ও জ্যাম্পিং ক্র্যাসেল নিয়ে মেতে থাকে। সকালে কলা, ডালপুরি, ডিম, মিষ্ঠি, চা দুপুরে ভুনা খিচুরি, মাংস, সালাদ, ড্রিংকস এবং বিকেলে কমলা, সিঙ্গৱা ও কলা পরিবেশন করা হয়। বিকাল ৫টার দিকে কোচ দুটি সিডনীর অভিযুক্ত যাত্রা শুরু করে।

এ পিকনিকটি সফল করা জন্য যারা একান্তভাবে সক্রিয় ভূমিকা পালন করেছে তারা হলেন সর্বজনীন শাহ আলম সৈয়দ, মাসুদ চৌধুরী, মোসলেম উদ্দীন মি.এঙ্গা, আবদুল জলিল, গোলাম মাওলা, ইকবাল জুয়েল, ড: মাহবুবুল আলম, আবু নাহের, নুরুল হৃদা ও মাহবুব হোসেনসহ আরো অনেকে। এ পিকনিকটি স্কুলের ছাত্র-ছাত্রীদের সূতিতে উজ্জ্বল হয়ে থাকবে দীর্ঘদিন।